শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৯৩

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০
০৫ অক্টোবর ২০২৩

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ১২-১০-২০২৩ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

স্বাক্ষরিত
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ : কার্যার্থে :**

১। ............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ..................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৯৩

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০
০৫ অক্টোবর ২০২৩

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

০৫/১০/২৩
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উমাস অক্টোবর ২০২৩

উপস্থিত উপদেষ্টা মন্ডলী:

১. জনাব হাফিজউদ্দীন আহমেদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩ ঠাকুরগাঁও-৩

২. জনাব মোঃ ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা

৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপঃ পরিঃ

৪. জনাব রেবতী রাণী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান উঃ পঃ

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি.

২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি.

৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি.

৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি.

৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি.

৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি.

৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি.

৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি.

৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি.

১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি.

তারিখ: ১২-১০-২০২৩
সময়: ১১-০০ টা।

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | মো: আরিফুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] |
| ২. | ডা: মো: আব্দুল জব্বার UHFPO | [signature] |
| ৩। | ডা: বাবলু চন্দ্র সিংহ UCO | [signature] |
| ৪। | মো: ফারুক হোসাইন – পরিসংখ্যান কর্মকর্তা – | [signature] |
| ৫। | মো: জাহাঙ্গীর আলম, P.I.O | [signature] |
| ৬। | এস.এম জসীম উদ্দিন, UDF-UGDP | [signature] |
| ৭। | আলমগীর মো: রুহুল ইসলাম – ১ম শ্রেণী প্রকৌশলী, বিএমডিএ | [signature] |
| ৮। | মোছা: মুন্নি আক্তার, প্রাণিসম্পদ কর্মকর্তা (অতিরিক্ত) প্রাণিসম্পদ, পীরগঞ্জ | [signature] |
| ৯০ | দেলোয়ার হোসেন, সহ: প্রা: কর্মকর্তা – | [signature] |
| ১০। | মমতাজ মেহেরুন্নেসা পারভীন, AICO, উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১১। | মো: আশরাফ আলী হিসাব রক্ষক – মহিলা বিষয়ক অফিস – | [signature] |
| ১২। | মো: আব্দুর রাজ্জাক, অফিস সহকারী – উপজেলা নির্বাচন অফিস – | A. [signature] |
| ১৩। | মো: নাহিদ সুলতান (ইউ. আই) – আনসার ও ভিডিপি | [signature] |
| ১৪। | সুমিত গুপ্ত, AP_DoICT | [signature] |
| ১৫। | মো: জিয়াউল হক শাহ: UCF | [signature] |
| ১৬। | মির্জা মনোয়ার হোসেন. U.Y.DO, | [signature] |
| ১৭। | রুস্তম আলম নাঃজেম – পল্লী বিদ্যুৎ বিক্রেতা | [signature] |
| ১৮। | মো: মোস্তফা খান – SAE, DPHE | [signature] 12-10-2023 |
| ১৯. | মো: হাফিজুল ইসলাম, UEO. | [signature] |
| ২০. | মো: মো: শফিকুল ইসলাম USSO | [signature] |
| ২১. | মো: খালেদ মোশাররফ, SUFO | [signature] |
| ২২. | মো: আবু সাঈদ, উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ | [signature] 12/10/23 |
| ২৩. | ইসরাত জাহান, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, পীরগঞ্জ | [signature] 12/10/23 |
| ২৪. | মো: খালিদ হোসেন (ইঃ সাব রেজি) | [signature] |
| ২৫. | মো: শাহিদুল ইসলাম UAS, USEo | [signature] |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র অক্টোবর ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১২-১০-২০২৩ খ্রিঃ
**সময়** ঃ সকাল ১১:০০ টা।
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'**- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, **পরিশিষ্ট - 'খ'**- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের এডিপি প্রকল্প ইউ.পি. চেয়ারম্যানগণ দাখিল করেছেন। প্রকল্পগুলি যাচাই বাছাই এর জন্য উপস্থাপন করা হলো। উপজেলা পরিষদস্থ মিটারবিহীন বিভিন্ন অফিস ভবন এবং আবাসিক ভবনসমূহের নামের তালিকা প্রস্তুত পূর্বক আলাদা আলাদা বৈদ্যুতিক মিটার স্থাপন নিশ্চিতকরণ বিষয়ে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন। উপজেলা পরিষদের অফিস কক্ষ স্থানান্তর বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অফিস কক্ষের স্থান নির্ধারণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের এডিপি'র প্রকল্প পঞ্চবার্ষিক পরিকল্পনা নীতিমালা অনুযায়ী গ্রহণ করতে হবে।<br>২) উপজেলা পরিষদস্থ মিটারবিহীন বিভিন্ন অফিস ভবন এবং আবাসিক ভবনসমূহের নামের তালিকা প্রস্তুত পূর্বক আলাদা আলাদা বৈদ্যুতিক মিটার স্থাপন নিশ্চিত করতে হবে।<br>৩) উপজেলা পরিষদের অফিস কক্ষ স্থানান্তর বিষয়ে অফিস কক্ষের স্থান নির্ধারণ করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা পরিষদ<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) সংশ্লিষ্ট দপ্তর (সকল)<br>৪) ইউ.পি. চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,২৮৬ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৫১৩ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৩৯৮ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৭৪ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৪৭০ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৩৫ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এ পর্যন্ত মোট ২১ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | অবৈধভাবে গড়ে উঠা লাইসেন্সবিহীন ডায়গনিষ্টিক সেন্টার/ঔষধের দোকান/ক্লিনিকগুলিতে অভিযান চালানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) সহকারী কমিশনার (ভূমি)<br>২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৭২৩ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,২৮৫ জন, (৩) খাবার বড়ি - ২২,৬৮০ জন (৪) কনডম- ২,০২৩ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮২১৩ (৬) আইইউডি- ২৩ (৭) ইমপ্ল্যানন- ৫১ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০৩ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৩ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৬,৮৭৭ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.৪২% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)।<br>তিনি আরও জানান, সেবা কেন্দ্রসমূহে সীমানা প্রাচীর নির্মাণের লক্ষ্যে ইউ.পি. চেয়ারম্যাগণের দৃষ্টি আর্কষন করেন এবং ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা কমিটির সভা জোরদারকরণের জন্য অনুরোধ জানান।</td>
<td>১) শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) সেবা কেন্দ্রসমূহে সীমানা প্রাচীর নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা কমিটির সভা জোরদার করতে হবে।</td>
<td>১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>উপজেলা কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ফসলের নাম</th><th>অর্জিত হেঃ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>আগাম আলু</td><td>৩০</td><td rowspan="2">বপন ও রোপন চলমান</td></tr>
<tr><td>২</td><td>শীত কালীন শাকসবজি</td><td>১২০</td></tr>
</table>
পীরগঞ্জ উপজেলায় রবি মৌসুমে ২০২৩-২৪ অর্থ বছররে রবি ফসলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কৃষি প্রণোদনার আওতায় রবি মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে সরিষা- ৪,০০০ জন, গম- ১,৮০০ জন ও ভূট্রা- ৮০০ জন মোট = ৬,৬০০ জন বরাদ্দ পাওয়া গেছে। বিএডিসি হতে বীজ ও সার প্রাপ্তি সাপেক্ষে কৃষকের মাঝে উপকরণ বিতরণ করা হবে। কৃষি প্রণোদনার কৃষক তালিকার কাজ চলছে। এডিপি হতে ২০২২-২৩ অর্থ বছররে ৭১০ জন উপকারভোগী কৃষক ও কৃষানীর মাঝে বীজ ও ফলের চারা বিতরণ করা হয়। বর্তমানে মাঠে দন্ডায়মান ফসলের আবস্থা ভাল।<br>সার ব্যবস্থা সঠিক ভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্য্যায়ে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি আফিসারের মাধ্যমে বিতরণ করা হয়। প্রতি ইউনিয়ণে কার্ড বিতরণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,২৪৪ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ১৮,৯০৩ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ৪,৮৮০ টি<br>৪। হাঁস-মুরগীর টিকা প্রদান = ৪৭,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,৪৯২ টি<br>৬। প্রশিক্ষণ = ৩০ জন<br>৭। উঠান বৈঠক = ০৬ টি<br>৮। উঠান বৈঠক অংশগ্রহণকারীর সংখ্যা = ৭৫<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১২ টি</td>
<td>গবাদিপশুর লাম্পি, ক্ষুরা রোগসহ অন্যান্য রোগের ভয়াবহতা সম্পর্কে ব্যাপক প্রচারের মাধ্যমে জনসচেতনতা বাড়াতে হবে।</td>
<td>১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>২) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১০। দুধ উৎপাদন = ২,৫০১ মেঃ টন<br>১১। মাংস উৎপাদন = ১,৯৯৩ মেঃ টন<br>তিনি আরও জানান, ২০২৪ খ্রিঃ সালের মধ্যে বাংলাদেশ থেকে ছাগল-ভেড়ার পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে "পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের" আওতায় ছাগল ও ভেড়ার ফ্রি পিপিআর টিকা প্রদান করা হবে। এ ক্যাম্পেইন এর আওতায় শতভাগ ছাগল-ভেড়াকে পিপিআর টিকা দেওয়া হবে। এ উপজেলায় প্রায় ১,৪২,০০০ টি ছাগল-ভেড়াকে এ টিকা প্রদান করা হবে। | | |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ** | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২৩ খ্রি: মাসে ২০ (বিশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৬ (ছয়) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। তিনি আরও জানান যে, Protection and Conservation of Fish Act 1950 (E.B. Act No. XVIII of 1950) এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 এর Rule 13 অনুযায়ী সরকার এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ১২ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০২৩ (২৭ আশ্বিন হতে ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয় বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করেছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন "আশ্রয়ণ প্রকল্পে"র সুফলভোগীদের জীবনমান উন্নয়নে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রকল্প প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট "আশ্রয়ণ প্রকল্পে"র অধীনে পুকুরের তথ্য ও তালিকা নিয়ে আলোচনা হয়। ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলাধীন টাঙ্গন নদীস্থ বাঁশগাড়া মৎস্য অভয়াশ্রম (প্রস্তাবিত) স্থাপনে সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) প্রতিবেদন নিয়ে আলোচনা হয়। মাছের অবাধ বিচরণ নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১) ১২ অক্টোবর থেকে ০২ নভেম্বর ২০২৩ খ্রি: পর্যন্ত মোট ২২ দিন সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয় বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে ও চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল অপসারণ বিষয়ে প্রয়োজনে অভিযান চালাতে হবে।<br>২) "আশ্রয়ণ প্রকল্পে"র অধীনে পুকুরের তথ্য ও তালিকা প্রস্তুত করতে হবে।<br>৩) পীরগঞ্জ উপজেলাধীন টাঙ্গন নদীস্থ বাঁশগাড়া মৎস্য অভয়াশ্রম (প্রস্তাবিত) স্থাপনে সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | **১) সহকারী কমিশনার (ভূমি)**<br>**২) উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বার্ষিক শিক্ষা জরিপ ২০২৩ খ্রি: ১৩৩ (একশত তেত্রিশ) টি শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে তথ্য আপডেট করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করেছেন। তথ্যসমূহ যাচাই বাছাইয়ান্তে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। ২০২৪ সালের পাঠ্যপুস্তক ইতোমধ্যে আসতে শুরু করেছে। নতুন কারিকুলাম অনুযায়ী বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণে উপজেলা পর্যায়ে সকল মাষ্টার ট্রেইনারদের সমন্বয়ে সভা করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার আলোকে অত্র উপজেলা মাষ্টার ট্রেইনারদের নতুন কারিকুলাম অনুযায়ী পাঠদান হচ্ছে কিনা, কোন সমস্যা থাকলে তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে জানানোর জন্য বলা হয়েছে এবং মাষ্টার ট্রেইনারগণ সিডিউল মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে আগমন করবেন মাউশি কর্তৃক নির্দেশনা মোতাবেক কার্যাদি সম্পন্ন করবেন। এছাড়াও অফিসের স্বাভাবিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) পাঠ্যপুস্তকগুলো রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) এ উপজেলার মাষ্টার ট্রেইনারগণ নতুন কারিকুলাম অনুযায়ী পাঠদান করাচ্ছে কিনা, সে বিষয়ে মনিটরিং করতে হবে। | **১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,**<br>**২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য নিয়োগকৃত শিক্ষকদের পাঠদান বিষয়ে ১৫ (পনেরো) দিনের প্রশিক্ষণ আগামী ১৮-১০-২০২৩ খ্রি: তারিখ হতে উপজেলা রিসোর্স সেন্টার এ শুরু হবে। এ প্রশিক্ষণ সম্পন্ন করতে ডিসেম্বর/২৩ মাস পর্যন্ত সময় লাগবে।<br>তিনি আরো জানান যে, শিক্ষাক্রম/২০২১ বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ উপজেলা রিসোর্স সেন্টার এ শুরু হয়েছে। উপজেলার সকল শিক্ষকের উপজেলা রিসোর্স সেন্টার এ শুরু হয়েছে। এ প্রশিক্ষণ সম্পন্ন করতে ডিসেম্বর/২৩ মাস পর্যন্ত সময় লাগবে। ভীমটিয়া গুয়াগাঁও, চাপোড়, হাজীপুর ও মালগাঁও সপ্রাবির (০৪) নিচু মাঠে মাটি ভরাটের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি করা করা হয়। পীরগঞ্জ মডেল সপ্রাবি, সবুজ সপ্রাবি, সেনুয়া সপ্রাবি ও জাবরহাট সপ্রাবি এর ওয়াশব্লক মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি করা করা হয়। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ভীমটিয়া গুয়াগাঁও, চাপোড়, হাজীপুর ও মালগাঁও সপ্রাবির (০৪) নিচু মাঠে মাটি ভরাটের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকতা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন এবং পীরগঞ্জ মডেল সপ্রাবি, সবুজ সপ্রাবি, সেনুয়া সপ্রাবি ও জাবরহাট সপ্রাবি এর ওয়াশব্লক মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কর্মকতা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ভিক্ষুকের তালিকা পাওয়া না গেলে কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে না। চেয়ারম্যানগণের কাছ থেকে জরুরী ভিত্তিতে প্রকৃত ভিক্ষুকের তালিকা চাওয়া হয়। ভাতার জন্য ইতিমধ্যে অনলাইনে আবেদনগুলির বিষয়ে অধিদপ্তর থেকে কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি। সিদ্ধান্ত পাওয়া গেলে পরবর্তীতে জানানো হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,<br>২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ৩৫ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে এবং জনসচেতনতা বাড়াতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ। |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জ** ঃ<br>চাল আমন ২০২২-২৩: ২৩০.৫৩২ মে:টন, চাল বোরো ২০২৩: ৩১৯৭.৩১৪ মে:টন, চাল বোরো ফলিত ২০২৩: ৪৮৮.৮০০ মে:টন। সর্বমোট চাল ৩৯১৬.৬৪৬ মে: টন, গম আমদানিকৃত ১৭৯.৭৮৪ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৯৬,৬৬৪ খানা।<br>**ভোমরাদহ** ঃ<br>চাল আমন ২০২২-২৩: ১৩৯.২৫৩ মে:টন, চাল বোরো ২০২৩: ৮৬৪.৫৭০ মে:টন। সর্বমোট চাল ১০০৩.৮২৩ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৭,৪২১ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরের সকল কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ খ্রিঃ অর্থ বছরের নির্বাচনী এলাকা ভিত্তিক কাবিটা, কাবিখা ও টিআর এর বরাদ্দকৃত অর্থ ও খাদ্য শস্যের প্রকল্প তালিকা মাননীয় জাতীয় সংসদ সদস্য দাখিল করেছেন। উপজেলা পরিষদের কাবিটা ৫৮,৬৪,৩১৫/- টাকা, ২৮.২৯২৩ মেঃটন চাল ও টিআর ৪০,৫৪,৬৯১/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন হতে প্রকল্পের তালিকা পাওয়া গেছে। অনুমোদনের জন্য জেলা প্রশাসক ঠাকুরগাঁও মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন ঃ<br>**১) ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। সেপ্টেম্বর/২০২৩ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। অক্টোবর/২০২৩ মাসের ডিও প্রদান করা হবে।<br>**২) মা ও শিশু সহায়তা তহবিল :** ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ১০ টি ইউনিয়নে ১৮০ জন এবং পৌরসভায় ১৩ জনসহ মোট ১৫৯ জন উপকারভোগীর ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে এবং অক্টোবর/২০২৩ মাসের ডাটাএন্ট্রির কার্যক্রম চলমান।<br>**৩) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) :** ২০২৩-২০২৪ অর্থ বছরে অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ (দশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৪) **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি :** ২০২৩-২০২৪ অর্থবছরের স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে অনুদানের জন্য আবেদন কার্যক্রম চলমান।<br>**৫) উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। অত্র উপজেলায় ১১টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৪ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১) PEDP-4 প্রকল্পের আওতায় ৬২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৪০%।<br>২) NNGPS প্রকল্পের আওতায় ০২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOCK নির্মাণ কাজের অগ্রগতি ৩০%।<br>৩) ৪র্থ ধাপে ১৬৫ টি অগভীর নলকূপ স্থাপন কাজে ২০ টি বোরিং, প্লাটফর্ম, ও হেডসহ নির্মাণ কাজ সমাপ্ত, ৮০ টি বোরিংসহ প্লাটফর্ম কাজ সমাপ্ত এবং বাকি ৬৫ টির কাজ এখনো শুরু হয়নি। এ পর্যন্ত নির্মিত ১,৮৫৬ টি গৃহের | আশ্রয়ণ প্রকল্পে নলকূপ স্থাপনের সকল কার্যক্রম অতি শীঘ্রই শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>বিপরীতে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ৩৩ টি ও মুজিব-১০০ প্রকল্প থেকে ৩৫+১০০+৪১ টি = ১৭৬ টিসহ মোট ২০৯ টি নলকূপ স্থাপন কাজ সমাপ্ত এবং ১৬৫ টি নলকূপ স্থাপন কাজ চলমান এবং ৫ম কিস্তিতে ২০ টি অগভীর তারা নলকূপ বরাদ্দ পাওয়া গেছে।<br>৪) ২০২২-২৩ খ্রিঃ অর্থ বছরের PSWSC প্রকল্পের আওতায় ২৬০ টি অগভীর নলকূপের মধ্যে ২২০ টি ৬ নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর নলকূপ স্থাপন কাজ চলমান এবং ৪০ টি ৬নং হ্যান্ড পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ স্থাপন কাজ এখনো শুরু হয়নি। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০ টি। ইতিমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৭৬ টি বর্তমান মাসে ২৭ টি মোট ১০৩ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতি মাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০১৯-২০২০) অডিট ফি (রাজস্ব) ৪৮৭৩৮/- টাকা এবং সরকারি ভ্যাট ৭৩১১/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৭১৭৩০/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৭৬%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>৫,৮৪,৮৮৮/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>২১,৫৬,৭৩,৯৬২/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>৪,৬৮,০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>০৬ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ</td><td>১৬,০৩,১৯,৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯,৪৭২ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৬০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯,৫০৩ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>১০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪,৭৩১ জন</td></tr>
</table>
এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>১) আমন ফসলের পূর্বাভাস (অংশ-২)<br>২) পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ<br>৩) ০৫ টি অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব<br>৪) ০১ টি স্থায়ী ফসলের আনুমানিক হিসাব<br>৫) মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ।<br>এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৮</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>১.৭৬</td><td>১২৪.৬২</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৭.৩৭</td><td>-</td><td>৫৭.৯৩</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৪.৫৫</td><td>১.৭৬</td><td>২০৭.২৭</td><td>২০২.৬৩</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>উপজেলা বন বিভাগ</td>
<td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td>
<td>এসএফপিসি, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td>
<td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে মোট ২৬৫ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকূপ ২১৩ টি, বিদ্যুৎচালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৫ টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ৫,১৮২ হেক্টর আমন এবং প্রায় ৬৫ হেক্টর জমিতে অন্যান্য ফসলরয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ৮,২২৫ টি। সর্বপরি বিএমডিএ, পীরগঞ্জ উপজেলা পরিচালিত সেচ পরিস্থিতি স্বাভাবিক এবং সন্তোষজনক রয়েছে। সহকারী প্রকৌশলী, বিএমডিএসভায়আরওজানান যে, “বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কার্যক্রম চলমান রয়েছে এবং প্রকল্পটির অন্যান্য কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও বরাদ্দ এখনও পাওয়া যায়নি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td>
<td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা 'র প্রতিনিধি সভায় জানান যে, আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষে ১১৯ টি পূজা মন্ডপের অভ্যন্তরীণ শান্তি শৃংখলা বজায় রাখার জন্য ৬৩৬ জন ভিডিপি সদস্য ও সদস্যাগণকে যাচাই বাছাইয়ের মাধ্যমে নিয়োগ দেওয়া হয়েছে। মন্ডপের শ্রেণী বিভাগ অনুযায়ী সদস্য মোতায়েন করা হবে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td>আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষে ১১৯ টি পূজা মন্ডপের অভ্যন্তরীণ শান্তি শৃংখলা বজায় রাখার জন্য ৬৩৬ জন ভিডিপি সদস্য ও সদস্যাগণকে জোরদার মনিটরিং করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td>উপজেলা নির্বাচন বিভাগ</td>
<td>উপজেলা নির্বাচন কর্মকর্তা 'র প্রতিনিধি সভায় জানান যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে ভোটকেন্দ্র নির্ধারণ সম্পন্ন হয়েছে। নির্ধারিত অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং করতে হবে।</td>
<td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | **পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ** | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি সভায় জানান যে, আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষে বিদ্যুৎ সেক্টরে উৎপাদিত বিদ্যুৎ বরাদ্দ অনুযায়ী নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর ২০২৩ খ্রিঃ মাসে বিদ্যুৎ লাইনের পাশে বৃদ্ধি পাওয়া গাছপালা/ডাল কর্তণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ অক্ষুন্ন রাখতে নিয়মিত প্রতি মাসে বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। | আসন্ন শারদীয় দূর্গাপূজা উপলক্ষে নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | **ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।** |
| ২৪ | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়** | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় জানান যে, শেখ রাসেল দিবসের সকল কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি আরও জানান, ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণে প্রতিবন্ধকতাসমূহ জানতে চাওয়া হয়। সমাধান অযোগ্য প্রতিবন্ধকতা না থাকায় অতিদ্রুত ১০০% হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অতি শীঘ্রই সকল অফিসের/দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা সহকারী প্রোগ্রামার, ২) কর্মকর্তা (সকল) পীরগঞ্জ।** |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের অর্থায়নে যে সমস্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে, সে সমস্ত প্রকল্পের কার্যকরভাবে ব্যবহার করার মাধ্যমে সুফল পাওয়া যাবে। কিন্তু মনিটরিং এর মাধ্যমে পরিলক্ষিত হয় যে, ইউজিডিপি'র সরবরাহকৃত ও নির্মাণকৃত উপকরণ ও স্থাপনা সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে না। তাছাড়া উক্ত প্রকল্প বাস্তবায়নের পর সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ/প্রতিষ্ঠান উপকরণ ও স্থাপনা যথাযথ ও কার্যকরভাবে ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অপারেশন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করবেন। উক্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রধানগণকে অনুরোধ জানান। | ইউজিডিপি প্রকল্পের অর্থায়নে যে সমস্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে, সে সমস্ত প্রকল্পের কার্যকরভাবে ব্যবহার করা হচ্ছে কি না, সে বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগ/প্রতিষ্ঠান মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | **উপজেলা পরিষদ, পীরগঞ্জ।** |
| ২৬ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ।** |
| ২৭ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তথ্য কেন্দ্রের সর্বমোট সেবা গ্রহীতা ৬১১ জন। ০২ টি করে মোট ০৪ টি উঠান বৈঠকের কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, আসন্ন শারদীয় দূর্গা পূজা উপলক্ষে আইন শৃংখলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে, সে জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আখতারুল ইসলাম)**
**চেয়ারম্যান**
**উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৯৬(৫০)

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০ / ১২ অক্টোবর ২০২৩

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা...................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,......................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.................................................।

১২/১০/২৩

**(মোঃ শাহরিয়ার নজির)**
**উপজেলা নির্বাহী অফিসার**
**ও**
**মুখ্য নির্বাহী কর্মকর্তা**
**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**